সংবাদ।

তারিখ ৭/১২/৮২
পৃষ্ঠা... কলাম...

058

২/৩

## দূরবর্তী শিক্ষা কার্যক্রম

### কর্মশিবির উদ্বোধন

গতকাল সোমবার জাতীয় সম্প্রচার একাডেমীর সেমিনার কক্ষে তথ্য ও বেতার সচিব জনাব খোরশেদ আলম "দূরবর্তী শিক্ষা কার্যক্রমের সম্পূরক উপকরণের পরিকল্পনা ও নির্মাণ" শীর্ষক তিন সপ্তাহব্যাপী কর্মশিবিরের উদ্বোধন করেন।

স্বল্পমূল্যে জাতীয় উন্নয়ন ও শিক্ষা কার্যক্রমের উপযোগী উপকরণ নির্মাণের উদ্দেশ্যে আয়োজিত এই কর্মশিবির বাংলাদেশ জাতীয় সম্প্রচার একাডেমী ও কুয়ালালামপুরস্থ এশীয়-প্রশান্ত মহাসাগরীয় সম্প্রচার উন্নয়ন ইনস্টিটিউটের যৌথ উদ্যোগে অনুষ্ঠিত হচ্ছে। বেতার-টেলিভিশন, কৃষি তথ্য সংস্থা এবং শিক্ষা সম্প্রচার কার্যক্রম প্রভৃতি সংস্থা থেকে কুড়িজন অংশগ্রহণকারী কর্মশিবিরে অংশগ্রহণ করছেন। কোর্স পরিচালনা করছেন মিঃ পিটার কিং তাকে সহায়তা করছেন মিঃ জন হিপস্। সমন্বয় সাধনের দায়িত্বে নিয়োজিত আছেন সম্প্রচার একাডেমী প্রশিক্ষক জনাব এম সোহাইদিন। খবর তথ্য বিবরণীর।